# যুদ্ধবিরতি অমান্য করে গাজায় ইসরায়েলের তীব্র বিমান হামলা, নিহত ২৮




সংগৃহীত ছবি

গাজা উপত্যকায় বিদ্যমান যুদ্ধবিরতি উপেক্ষা করে নতুন করে ব্যাপক বিমান হামলা চালিয়েছে ইসরায়েল। বুধবার (১৯ নভেম্বর) দক্ষিণ, মধ্য ও উত্তরাঞ্চলের বিভিন্ন এলাকায় কয়েক দফায় হামলা হয়। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্যমতে, এখন পর্যন্ত ২৮ ফিলিস্তিনির মৃত্যু নিশ্চিত হয়েছে; আহত হয়েছেন অন্তত একশ' মানুষ।
সবচেয়ে বড় হামলাটি হয়েছে গাজা সিটির জেইতুন এলাকায়, যেখানে একই পরিবারের ১০ জন মারা যান। পাশাপাশি খান ইউনিসের নিকটবর্তী আল-মাওয়াসি শরণার্থী কেন্দ্র এবং শুজাইয়া অঞ্চলেও হামলার ঘটনা ঘটে।
ইসরায়েলি সামরিক বাহিনী দাবি করেছে, খান ইউনিস এলাকায় আইডিএফ সদস্যদের ওপর হামলার পর 'হামাসের অবস্থান' লক্ষ্য করে এসব আক্রমণ চালানো হয়েছে। তবে হামাস জানিয়েছে, এ ধরনের হামলা সরাসরি যুদ্ধবিরতির শর্ত ভঙ্গ করা, যা আন্তর্জাতিক আইন লঙ্ঘনও বটে।
এর আগের দিন লেবাননের একটি ফিলিস্তিনি শরণার্থী শিবিরেও আঘাত হানে ইসরায়েলি বাহিনী। আল-জাজিরার অনুসন্ধানে দেখা গেছে, গত মাসে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর থেকে ইসরায়েল অন্তত ৩৯৩ বার চুক্তি ভঙ্গ করেছে।

LENS ASIA